# বরাক উপত্যকা সাহিত্য সংস্কৃতি সম্মেলন ::: দূর-শিক্ষাকেন্দ্র

## দ্বিতীয় ষান্মাসিক : চতুর্থ পত্র : **অ্যাসাইনমেন্ট** ::: পূর্ণমান : ২০

**একমাত্র ৭ম ব্যাচের (শিক্ষাবর্ষ : ২০২৩ – ২০২৪) শিক্ষার্থীদের জন্য**

১। অতি সংক্ষেপে উত্তর দিন: (যে কোন দু'টি) মান: ২ x ২ = ৪

ক) সনেট কবিতাকে বাংলায় কী বলা হয়? আপনাদের পাঠ্য সনেট কবিতাটির নাম লিখুন।

খ) কবিগুরু দুঃখের মুহূর্তে সান্ত্বনার পরিবর্তে কী প্রার্থনা করেন?

গ) কাণ্ডারী হুঁশিয়ার কবিতায় যাত্রী বলতে কা'দের বোঝানো হয়েছে?

ঘ) মাইকেলকে মহাকবি, রবীন্দ্রনাথকে বিশ্বকবি, আর কাজী নজরুল ইসলামকে কী আখ্যা দেওয়া হয়েছে?

২। অতি সংক্ষিপ্ত উত্তর দিন: (যে কোন দু'টি) মান: ২ x ২ = ৪

ক) 'গুরুমশায়ের পাঠশালা' গল্পটি বিভূতিভূষণ বন্দোপাধ্যায়ের কোন্ উপন্যাস থেকে নেওয়া হয়েছে? 'আম আঁটির ভেঁপু' কোন পাঠের যমজ সংস্করণ?

খ) পাদটাকা গল্পের মুখ্য চরিত্র কে? তিনি কী পড়াতে ভালোবাসতেন?

গ) নিমগাছ গল্পটির রূপ দেখে কে মুগ্ধ হয়েছিল? গাছটিকে কীসের সাথে তুলনা করা হয়েছিল?

৩। সংক্ষেপে উত্তরগুলি লিখুন: (যে কোন দু'টি) মান: ২ x ২ = ৪

ক) কেকাধ্বনি শব্দের অর্থ কী? দাদুরি শব্দটিকে বাংলায় কী বলে ? এটা কখন প্রকট হয়?

খ) সেন্সাস বলতে কী বোঝায়?

গ) দেব পাহিত্য কুটীর কী ধরনের বই বের করতেন?

৪। সংক্ষেপে উত্তর দিন : (যে কোন দু'টি) মান: ২ x ২ = ৪

ক) অনূদিত সাহিত্য বলতে কী বোঝায়?

খ) তৃতীয় নেত্র গল্পটিতে বৃদ্ধ শিল্পী কেন আয়না দেখতেন?

গ) একটি ইলিশের স্বাদ গল্পটি কার লিখা? গল্পটি কোন্ নদীর প্রেক্ষাপটে রচিত?

ঘ) লোককথা বলতে কী বোঝায়? উত্তর-পূর্ব ভারতের কোন্ ভাষার সাহিত্যে এখনও গল্প উপন্যাস অনূদিত হয়ে মুদ্রিত আকারে প্রকাশিত হয়নি?

৫। অতি সংক্ষেপে উত্তর লিখন: (যে কোন একটি) মান: ৪ x ১ = ৪

ক) নাটক বলতে কী বোঝায়? নাটকের তিনটি প্রয়োজনীয় উপাদান কী?

খ) সম্রাট সাজাহানের পুত্র স্নেহের পরিচয় দিন।

গ) জাহানারা কে? তার সম্বন্ধে সংক্ষেপে যা জানুন লিখুন।

**বিশেষ দ্রষ্টব্য: —**

- অ্যাসাইনমেন্ট ৩০ নভেম্বর ২০২৪-এর মধ্যে জমা দিতে হবে।
- প্রশ্নোত্তরগুলি **নিজ হস্তাক্ষরে অবশ্যই লিখতে হবে,** অন্যথায় অ্যাসাইনমেন্টটি গ্রহণ করা হবে না।
- এই পত্রে (চতুর্থ পত্র : অ্যাসাইনমেন্ট) পাস করার নিম্নতম মান: ১০ (দশ)।

**প্রয়োজনীয় নির্দেশিকা: —**

- প্রশ্নগুলোর উত্তরের জন্য প্রাথমিক ভাবে দূর-শিক্ষাকেন্দ্র প্রদত্ত বাংলা ভাষা ডিপ্লোমা পাঠক্রমের পাঠ্যবইয়ের উপর নির্ভর করুন। তবে পরীক্ষার্থীরা ভিন্নতর সূত্র এবং নিজস্ব অভিজ্ঞতার ভিত্তিতেও উত্তর লিখতে পারেন।
- অ্যাসাইনমেন্টটি A4 সাইজ কাগজে নিজ হাতে লিখে একটি সেলাই করা পুস্তিকার আকারে বানিয়ে নিম্নে দেওয়া নমুনা অনুযায়ী অ্যাসাইনমেন্টটি যথাসময়ে জমা দিতে হবে।

**অ্যাসাইনমেন্ট পুস্তিকার নমুনা: —**

প্রচ্ছদ পৃষ্ঠায় থাকবে-

বরাক উপত্যকা বঙ্গ সাহিত্য ও সংস্কৃতি সম্মেলন
দূর-শিক্ষাকেন্দ্র
বাংলা ভাষা ডিপ্লোমা পাঠক্রম
দ্বিতীয় ষান্মাসিক-২০২৪ ::: চতুর্থ পত্র: অ্যাসাইনমেন্ট

শিক্ষার্থীর নাম :- .................................................. রোল নম্বর :-...............

পরীক্ষার্থীর সই এবং তারিখ :- ..................................................